

গ্রীস দেশে অবস্থিত রিফিউজীদের জন্য দরকারী তথ্য  
ডাবলিন ফ্যামিলি রিউনিফিকেশন (ডি,এফ,আর) ও ব্রেঞ্জিট



Refugee Legal Support is a restricted fund under the  
auspices of Prism the Gift Fund - charity no 1099682

**ব্রেঞ্জিট কি?**

ব্রেঞ্জিট মানে যুক্তরাজ্য (ইউ,কে) ইউরোপীয়ান ইউনিয়ন (ই,ইউ) থেকে বেরিয়ে আসা।  
যুক্তরাজ্য ইউরোপীয়ান ইউনিয়ন থেকে বেরিয়ে এসেছে গত ৩১শে জানুয়ারী ২০২০ তারিখে।

**আমার ব্যাপারে ব্রেঞ্জিটের কারণে কোন অসুবিধা হবে কি?**

যুক্তরাজ্য ইউরোপ থেকে বেরিয়ে আসা সত্ত্বেও ৩১শে ডিসেম্বর ২০২০ পর্যন্ত বর্তমান সব নিয়ম  
কানুন জারী থাকবে। ডি,এফ,আর-এর সমস্ত ব্যবস্থা তখন পর্যন্ত কার্যকর থাকবে। সুতরাং  
আপনার যুক্তরাজ্যে বসবাসকারী স্বজনের সাথে একত্রিত হবার জন্য ৩১শে ডিসেম্বর ২০২০-এর  
আগ পর্যন্ত দরখাস্ত করতে পারেন।

**৩১শে ডিসেম্বর ২০২০-এর পরে ডি,এফ,আর নিয়মাবলির কি হবে?**

৩১শে ডিসেম্বরের পরে ইউ,কে সরকার ডি,এফ,আর-এর নিয়মের মিয়াদ আরও কিছুদিনের  
জন্য বাড়াতে পারে, নাও পারে। বৃটেনের প্রধান মন্ত্রী তাঁর মত জানিয়েছেন যে বাড়ানো যাবে  
না। এই ব্যাপারে শেষ সিদ্ধান্ত নেওয়া হবে ১লা জুলাই ২০২০-এর আগে।

**৩১শে ডিসেম্বরের আগে আমার দরখাস্তের মিমাংশা না হলে কি হবে?**

গ্রহণকারী কোন দেশ যদি ৩১শে ডিসেম্বর ২০২০-এর আগে কোন দরখাস্ত পেয়ে থাকে তবে  
সেই দরখাস্তের বিবেচনা আগের নিয়মেই চলতে থাকবে। তবে ইউ,কে সরকার দুই মাসের  
ভিতরে উত্তর না দিলে, আগের মত স্বয়ংক্রিয় ভাবে গৃহীত হবে না দরখাস্তটা। আর ইউ,কে  
সরকার কোন দরখাস্ত নাকচ করলে আগের মত আপিল করার সুযোগ নাও মিলতে পারে।

**৩১শে ডিসেম্বরের পরে কি অবস্থা থাকবে?**

৩১শে ডিসেম্বর ২০২০-এর পরে কি অবস্থা থাকবে, বর্তমানে বলা মুশকিল। ইউ,কে-তে  
আলাদা আইন থাকবে ইমিগ্রেশন ও রিফিউজীদের গ্রহণের ব্যাপারে, সেই অনুসারে যে কোন  
দরখাস্ত বিবেচিত হবে। সঠিক তথ্য পাওয়া গেলে আমরা তা প্রকাশ করব। নীচের উয়েবসাইট  
দ্রষ্টব্য।

[বিঃ দ্রঃ উপরের তথ্যগুলো ১।১।২০২০ তারিখে রচিত। পরবর্তীতে রদ-বদল হতে পারে।]  
উয়েবসাইটঃ [www.refugeelegalsupport.org](http://www.refugeelegalsupport.org)